



# বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন

‘২০২৪ ফাইনাল ওয়ার্ল্ড কোটা টুর্নামেন্ট’ এবং

‘২০২৪ আরচ্যারী ওয়ার্ল্ড কাপ স্টেজ-৩’



তারিখঃ ২৪.০৬.২০২৪

## সংবাদ বিজ্ঞপ্তি

প্যারিস ২০২৪ অলিম্পিক গেমসে অংশগ্রহণের লক্ষ্যে গত ১৪ হতে ১৭ জুন ২০২৪ পর্যন্ত তুরস্কের আন্তালিয়ায় “২০২৪ ফাইনাল ওয়ার্ল্ড কোটা টুর্নামেন্ট” এবং একই দেশে ১৭ হতে ২৩ জুন ২০২৪ পর্যন্ত “২০২৪ আরচ্যারী ওয়ার্ল্ড কাপ স্টেজ-৩” অনুষ্ঠিত হয়। টুর্নামেন্ট এবং ওয়ার্ল্ড কাপে সিটি গ্রুপের পৃষ্ঠপোষকতায় এবং বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের ব্যবস্থাপনায় ৭ সদস্য বিশিষ্ট বাংলাদেশ আরচ্যারী দল অংশগ্রহণ করে। দলের মোঃ সাগর ইসলাম প্যারিস ২০২৪ অলিম্পিক গেমস উপলক্ষে অনুষ্ঠিত “২০২৪ ফাইনাল ওয়ার্ল্ড কোটা টুর্নামেন্ট”-এ সিলভার মেডেল অর্জন করেন। টুর্নামেন্টের সেমি-ফাইনালে উন্নীত হওয়ার সুবাদে মোঃ সাগর ইসলাম, প্যারিস ২০২৪ অলিম্পিক গেমসে সরাসরি অংশগ্রহণের জন্য কোয়ালিফাই করেছেন। দলের সকল সদস্য আগামীকাল ২৫ জুন ২০২৪ ভোর ০৪:৫০ মিঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবতরণ করবেন। পদক জয়ী আরচ্যারসহ জাতীয় দলকে ঢাকা বিমানবন্দরে অভ্যর্থনা জানানো হবে। এছাড়া আগামী ২৭ জুন ২০২৪ তারিখে প্যারিস ২০২৪ অলিম্পিক গেমসে কোয়ালিফাই করা আরচ্যার মোঃ সাগর ইসলামকে শেখ রাসেল রোলার স্কেটিং কমপ্লেক্সে সংবর্ধনা দেয়া হবে।

### পদক জয়ী আরচ্যারসহ জাতীয় আরচ্যারী দলের আগমন ও সংবর্ধনা অনুষ্ঠানের সিডিউলঃ

- ঢাকা বিমানবন্দরে দলের আগমনঃ ২৫ জুন ২০২৪ ভোর ৫টায়।
- ঢাকা বিমানবন্দরে দলকে অভ্যর্থনাঃ ২৫ জুন ২০২৪ ভোর সাড়ে ৫টায়।
- ঢাকা বিমানবন্দর থেকে এটিসিতে যাত্রাঃ ২৫ জুন ২০২৪ সকাল ৬টায়।
- সংবর্ধনা অনুষ্ঠান উপলক্ষে এটিসি থেকে শেখ রাসেল রোলার স্কেটিং কমপ্লেক্সে জাতীয় দলের আগমনঃ ২৭ জুন ২০২৪ বিকাল ৩টায়।
- শেখ রাসেল রোলার স্কেটিং কমপ্লেক্সে সংবর্ধনা অনুষ্ঠান শুরুঃ ২৭ জুন ২০২৪ বিকাল ০৩:৩০ মিঃ।

(কাজী রাজীব উদ্দীন আহমেদ চপল)

সাধারণ সম্পাদক

বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন